# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পেশাদার ভিক্ষুকদেরকে কি যাকাতের মাল দেওয়া যাবে?

যদি জানা যায় যে, যাঞ্ঞাকারী একটি পেশাদার ভিক্ষুক, সে যাকাতের হকদার নয় এবং ভিক্ষা করা তাঁর বৈধও নয়, তাহলে তাকে ভিক্ষাও দেবেন না। ২২১
বিদায়ী হজ্জের সময়ে আল্লাহ্‌র রাসুল (সঃ) সাদকাহ বিতরণ করছিলেন। এমন সময় দুটি লোক এসে তাঁর কাছে যাঞ্ঞা করল। তিনি লোক দুটির দিকে নজর তুলে পুনরায় নামিয়ে নিলেন। দেখলেন, তাঁরা উভয়ে কর্মক্ষম লোক। অতঃপর তিনি বললেন, “তোমরা যদি চাও, তাহলে আমি দিতে পারি। কিন্তু এ মালে কোন ধনী ও উপার্জনশীল কর্মঠ লোকের কোন অংশে নেই।” ২২২

## ফুটনোট

২২১ (ইবনে জিবরীন), ২২২ (আবূ দাঊদ ১৬৩৩ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=161

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন